



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

নার্সারী তত্ত্বাবধায়কের কার্যালয়

হর্টিকালচার সেন্টার, কুলাউড়া, মৌলভীবাজার।

kulaurahorticulturecentre@gmail.com

কৃষিই সমৃদ্ধি



স্থানঃ প্রশিক্ষণ কক্ষ।

তারিখঃ ০৩/১১/২০২২ খ্রিঃ

সময়ঃ সকাল ০৮ : ০০ ঘটিকা।

সভার উপস্থিতি : পরিশিষ্ট – ক।

সভাপতি : মোঃ আজিজুর রহমান, নার্সারী তত্ত্বাবধায়ক (চঃদাঃ), হর্টিকালচার সেন্টার, কুলাউড়া, মৌলভীবাজার।

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপসহকারী উদ্যান কর্মকর্তা জনাব মোঃ ছাইদুর রহমান কে সভার এজেন্ডাভিত্তিক বিষয়বস্তু উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ – ১ চলতি মৌসুমে ফুলের চারা/কলম, ফলের চারা/কলম, শীতকালীন সবজীর চারা ও মসল্লা চারা/কলম উৎপাদনের অগ্রগতি ও উৎপাদনের লক্ষ্য অর্জনের উপর গুরুত্ব আরোপ করেন।

আলোচ্যসূচীঃ – ২ নার্সারীতে উৎপাদিত চারা/কলম এর সঠিক পরিচর্যা, নিয়মিত পানি সেচ দিয়ে চারা/কলম গুলোকে সঠিক যত্ন নেয়ার জন্য কর্মকর্তা / কর্মচারীদের মাঝে দায়িত্ব বণ্টনের ব্যাপারে আলোচনা হয়।

আলোচ্যসূচীঃ – ৩ সভাপতি নার্সারীতে বিভিন্ন জাতের অপ্রচলিত ফল রামবুটান ও আলুবোখারাসহ উন্নতজাতের ফলের মাতৃগাছ সংগ্রহের মাধ্যমে নার্সারীতে উন্নত ও আধুনিক হিসাবে গড়ে তোলার জন্য প্রস্তাব করেন।

আলোচ্যসূচীঃ – ৪ নার্সারীতে নিরাপত্তা প্রহরী এবং সিসি ক্যামেরা না থাকায় নার্সারীর নিরাপত্তার জন্য নিরাপত্তা প্রহরী নিয়োগের পূর্ব পর্যন্ত কর্মচারীদের মধ্য থেকে সাময়িকভাবে একজন নিরাপত্তা প্রহরীর দায়িত্ব দেয়ার জন্য সভাপতি সবার দৃষ্টি আকর্ষণ করেন।

আলোচ্যসূচীঃ – ৫ নার্সারীর চারা/কলম বিক্রির অর্থ ব্যাংকে জমাদানের ব্যাপারে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ – ১ সভায় বিস্তারিত আলোচনার পর লক্ষ্যমাত্রা অনুযায়ী কৃষকদের চাহিদা মোতাবেক শীতকালীন সবজীসহ বিভিন্ন জাতের চারা/কলম উৎপাদন করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ – ২

ক্রমিক নং	কর্মকর্তার / কর্মচারীর নাম	পদবী	দায়িত্ব	মন্তব্য
০১	মোঃ ছাইদুর রহমান	উপসহকারী উদ্যান কর্মকর্তা	হিসাব শাখা, কৃষক নির্বাচন, প্রদর্শনী নির্বাচন ও স্থাপন নার্সারীর সার্বিক তদারকি	
০২	আলামিন	উপসহকারী উদ্যান কর্মকর্তা	কৃষক নির্বাচন, প্রদর্শনী নির্বাচন ও স্থাপন, চারা/কলম/কাটিং উৎপাদন ও বিক্রয়	
০৩	মোঃ জাফর ইকবাল	ফিল্ডম্যান	কৃষক নির্বাচন, প্রদর্শনী নির্বাচন ও স্থাপন, চারা/কলম/কাটিং উৎপাদন ও বিক্রয়	
০৪	মোঃ আব্দুল মুকিত	ফার্মলেবার	ফলের চারা/কলম, ঔষধী চারা/কলম উৎপাদন ও পরিচর্যা	
০৫	মোঃ কাজল চৌধুরী	ফার্মলেবার	ফলদ, মসল্লা, সবজি চারা উৎপাদন, পরিচর্যা ও সকল প্রকার চারা/কলম বিতরণ	
০৬	প্রণজিত গোপ	ফার্মলেবার	ফলদ, মসল্লা, সবজি চারা উৎপাদন, পরিচর্যা ও সকল প্রকার চারা/কলম বিতরণ	

০৭	দিবাকর চন্দ্র দাশ	ফার্মলেবার	ফলদ , মসল্লা , সবজি চারা উৎপাদন , পরিচর্যা ও সকল প্রকার চারা/কলম বিতরণ
০৮	আবু বাক্কার	গার্ডেনার	নিরাপত্তা প্রহরী
০৯	মোঃ আবু রওশন মোল্লা	নিয়মিত শ্রমিক	ফলের চারা/কলম , ঔষধী চারা/কলম উৎপাদন ও পরিচর্যা
১০	মোঃ সিদেক মিয়া	নিয়মিত শ্রমিক	উৎপাদিত চারা/কলম/কাটিং এর পরিচর্যা , নিয়মিত পানি সেচ ও অন্যান্য
১১	মোঃ খোরশেদ আলম	অনিয়মিত শ্রমিক	নার্সারীর চারা/কলম উৎপাদন পরিচর্যা ও বিতরণ
১২	মুনাল কান্তি রায়	অনিয়মিত শ্রমিক	মৌসুমী ও শীতকালীন চারা/কলম এবং মসল্লা ও সবজীর চারা উৎপাদন , পরিচর্যা ও সকল প্রকার চারা/কলম বিতরণ

সিদ্ধান্তঃ – ৩ নার্সারীতে অপ্রচলিত জাতের চারা এবং নতুন নতুন উন্নত জাতের রাশুটান ও আলুবোখারা মাতৃগাছ সংগ্রহ করে রোপনের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

সিদ্ধান্তঃ – ৪ সভায় বিস্তারিত আলোচনার পর সবার মতামতের ভিত্তিতে জনাব আবু বাক্কার গার্ডেনার কে সাময়িকভাবে নার্সারীর নিরাপত্তার জন্য নিরাপত্তা প্রহরী হিসাবে দায়িত্ব পালনের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

সিদ্ধান্তঃ – ৫ চারা/কলম বিক্রির অর্থ সপ্তাহের প্রতি বৃহস্পতিবার ব্যাংকে জমা দেয়ার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

বাস্তবায়নের দায়িত্বঃ নার্সারী তত্ত্বাবধায়ক , উপসহকারী উদ্যান কর্মকর্তাবৃন্দ ও ফিল্ডম্যান ।

পরিশেষে সভাপতি নার্সারীতে চারা/কলম/কাটিং উৎপাদন বৃদ্ধি করে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত ১ ইঞ্চি জমিও পতিত না রাখার লক্ষ্যে সুলভ মূল্যে কৃষকদের নিকট চারা/কলম/কাটিং পৌছে দিয়ে কর্মসূচী বাস্তবায়নে সবার সহযোগীতা কামনা করেন ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন

(মোঃ আজিজুর রহমান)
নার্সারী তত্ত্বাবধায়ক (চঃদাঃ)
ও
সভাপতি
হর্টিকালচার সেন্টার , কুলাউড়া
মৌলভীবাজার

সদয় জ্ঞাতার্থে :-

১. পরিচালক , হর্টিকালচার উইং , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী , ঢাকা ।
২. অতিরিক্ত পরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , সিলেট অঞ্চল , সিলেট ।
৩. উপপরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , মৌলভীবাজার ।
৩. উদ্যানতত্ত্ববিদ , হর্টিকালচার সেন্টার , খাদিমনগর , সিলেট ।
৪. অফিস কপি ।
৫. নোটিশ ।